

উড়োজাহাজে ২-৩ গুণ ভাড়া বৃদ্ধি অযৌক্তিক

- A Monitor Desk Report

Date: 09 December, 2021



জাতীয় প্রেস ক্লাবের সামনে বৃহস্পতিবার এক মানববন্ধনে সাধারণ রিক্রুটিং এজেন্সি মালিকরা অভিযোগ করে বলেন যে, সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে ফ্লাইটের ক্ষেত্রে বাংলাদেশ বিমানসহ বিভিন্ন এয়ারলাইন্স অযৌক্তিক কারণে ২-৩ গুণ ভাড়া বাড়িয়েছে। তাদের অভিযোগ, মাত্র দুই সপ্তাহের ব্যবধানে অজানা কারণে ৩০-৪০ হাজার টাকার এয়ার টিকেটের মূল্য ৭০-৯৫ হাজার টাকা করা হয়েছে। অথচ ভারত, পাকিস্তান, নেপাল, শ্রীলঙ্কা হতে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে এয়ার টিকেটের মূল্য ২০-৩০ হাজার টাকা।’

বিমানের টিকেটের দাম এভাবে বাড়ানোতে মধ্যপ্রাচ্যগামী রেমিট্যান্স যোদ্ধারা আর্থিকভাবে চরম বিপাকে পড়েছেন বলে তারা দাবি করেন। রিক্রুটিং এজেন্সির মালিকেরা আশঙ্কা করেন, হাজার হাজার মধ্যপ্রাচ্যগামী রেমিট্যান্স যোদ্ধার ভিসা ও ছুটির মেয়াদ শেষ হওয়ার উপক্রম হয়েছে। জরুরি ভিত্তিতে বাংলাদেশ বিমানসহ মধ্যপ্রাচ্যগামী এয়ারলাইন্সগুলোর ফ্লাইট সংখ্যা বাড়ানো না গেলে হাজার হাজার নতুন ভিসাপ্রাপ্ত এবং ছুটিতে দেশে আসা রেমিট্যান্স যোদ্ধারা চাকরি হারাতে পারেন।

তারা দাবি করেন, মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে বর্তমানে দৈনিক ৫ হাজারের বেশি রেমিট্যান্স যোদ্ধার গমনের চাহিদা থাকলেও দৈনিক ৩ হাজারের মতো গমন সম্ভব হচ্ছে।

মানববন্ধনে থেকে এয়ার টিকেটের অযৌক্তিকভাবে দাম বাড়ানোর প্রকৃত কারণ অনুসন্ধান করে দোষীদের (সিডিকেট) দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো সহ সংকট নিরসনে রিক্রুটিং এজেন্সির মালিকেরা কিছু প্রস্তাব রাখেন।

মানববন্ধনে উপস্থিত ছিলেন সাধারণ রিক্রুটিং এজেন্সির মালিক সংগঠনের সভাপতি টিপু সুলতান, সাংগঠনিক সম্পাদক, লায়ন সাইফুল ইসলাম, সদস্য কল্যাণ পরিষদের মহাসচিব লিমা বেগম, সম্মিলিত সমন্বয় ফ্রন্টের মহাসচিব মোস্তফা মাহমুদ প্রমু।